



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

আযম খান সরকারি কমার্স কলেজ, খুলনা

Web site : www.akcc.gov.bd



তারিখঃ ২৫/০২/২০২০

২০১৮-১৯ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি


- ১। ভর্তির প্রাথমিক আবেদন ফরম পাওয়া যাবেঃ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটঃ www.nu.edu.bd/admissions এ ২৫.০২.২০২০ থেকে ০৮.০৩.২০২০ তারিখ পর্যন্ত।
- ২। অনলাইনে পূরণকৃত ভর্তির প্রাথমিক আবেদন ফরম কলেজে জমাদানের শেষ তারিখ : ২৯.০২.২০২০ থেকে ০৯/০৩/২০২০ তারিখ।
- ৩। প্রাথমিক আবেদন ফরমের সাথে ফিস বাবদ ৩০০/- (তিনশত টাকা) মাত্র অফিস কাউন্টারে জমা দিতে হবে।
- ৪। ভর্তির প্রাথমিক ফরম আপলোড সম্পর্কে ম্যাসেজ না পাইলে অবশ্যই ০৮/০৩/২০২০ তারিখের মধ্যে কলেজের কম্পিউটার শাখায় যোগাযোগ করতে হবে। অন্যথায় ভর্তি সম্পর্কে কোন জটিলতা দেখা দিলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবেনা।

আবেদনের সাধারণ যোগ্যতা ও শর্তাবলী :


- ক) এ ভর্তি কার্যক্রমে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৪ থেকে ২০১৮ সাল পর্যন্ত তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর এবং গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। এছাড়া আবেদনকারীর প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি চু বিষয়ে স্নাতক (পাস) পর্যায়ে ৪০০ নম্বরের পঠিত বিষয় হিসাবে থাকতে হবে এবং তাতে ন্যূনতম ৪০% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে জিপিএ ২.০ পেতে হবে।
- খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৪ থেকে ২০১৮ সাল পর্যন্ত চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত শিক্ষার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। তবে এ সকল শিক্ষার্থী সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশগ্রহণ করে ন্যূনতম ৪৫% নম্বর অথবা জিপিএ ২.২৫ পেলে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে ভর্তির সুযোগ পাবে।
- গ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স ১ম পর্ব/ প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ/অধ্যয়নরত অথবা অন্য যে কোন প্রোগ্রামে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। এ লক্ষ্যে “জাতীয় বিশ্ববিদ্যালয়/যে কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে অন্য কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে আমি ভর্তি/অধ্যয়নরত নই। দ্বৈত ভর্তির ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকবো”- মর্মে আবেদনকারীর স্বাক্ষরিত একটি অঙ্গীকারনামা অনলাইন আবেদনে স্ক্যান করে আপলোড করতে হবে। উক্ত শর্ত ভঙ্গ করে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- ঘ) প্রাথমিক আবেদন ফরমে আবেদনকারীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে তার আবেদন ফরম/চূড়ান্ত ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- ঙ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক (পাস) প্রাইভেট/সার্টিফিকেট কোর্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না। তবে তারা প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে ভর্তি যোগ্যতার শর্তপূরণ সাপেক্ষে আবেদনের সুযোগ পাবে।
- চ) ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) এ প্রদর্শিত ভর্তি নির্দেশিকা থেকে জানা যাবে।

৬। ভর্তির বিষয়সমূহ :

- ক) ব্যবস্থাপনা খ) হিসাববিজ্ঞান


প্রতিষ্ঠান

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
আযম খান সরকারি কমার্স কলেজ
খুলনা
আযমখান সরকারি কমার্স কলেজ
খুলনা।


আহবায়ক
প্রিলিমিনারী টু মাস্টার্স ভর্তি কমিটি-২০১৮-১৯